সমকাল

তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

# প্রাথমিকের শ্রেণিকক্ষে বঙ্গবন্ধুর ছবি টানানোর সুপারিশ

■ সমকাল প্রতিবেদক

দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোর সব ধরনের শ্রেণিকক্ষে বঙ্গবন্ধুর ছবি টানানোর সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। গতকাল মঙ্গলবার সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। বৈঠক শেষে সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বৈঠকে কমিটির সভাপতি মোতাহার হোসেনের সভাপতিত্বে অন্যদের মধ্যে অংশ নেন কমিটির সদস্য এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফিজুর রহমান, সামশুল হক চৌধুরী, নজরুল ইসলাম বাবু, আবুল কালাম, আলী আজম এবং বেগম উম্মে রাজিয়া কাজল।

এ ছাড়াও বৈঠকে স্কুল চলাকালে শ্রেণিকক্ষে প্রবেশের আগে শিক্ষকদের ব্যক্তিগত মোবাইল ফোন প্রধান শিক্ষকের কাছে জমা রাখার সুপারিশ করা হয়। বৈঠকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাস্টাররোলে কর্মরত কর্মচারীদের বিশেষক্যাটাগরিতে মানবিক দিক বিবেচনা করে তাদের চাকরিতে নিয়মিত করার সুপারিশ করা হয়।

কমিটি আসন্ন পিইডিপি-৪ প্রকল্পের পরিধি আরও সম্প্রসারিত করে বাংলাদেশের দরিদ্রপ্রবণ উপজেলাসমূহের প্রাথমিক বিদ্যালয়গুলোতে 'মিড ডে মিল' কার্যক্রমের আওতায় শুকনো পুষ্টিকর খাবারসহ বিস্কুট বিতরণের সুপারিশ করে। এ ছাড়া জাতীয় পর্যায়ে 'স্কুল ফিডিং পলিসি' চূড়ান্ত করার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত সংগ্রহপূর্বক স্থায়ী কমিটিতে উপস্থাপনের সুপারিশ করে।